



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৮৭.১৯- ৩০২২/৩

তারিখ : ৩৫/০৪/১৪২৬ বঙ্গাব্দ  
৩৫/০৭/২০১৯ খ্রিস্টাব্দ


বিষয় : ঝিটকা খাজা রহমত আলী কলেজের সাবেক প্রভাষক জনাব মো: আব্দুর রহিম এর মামলা এবং ছাড়পত্রের তথ্য প্রেরণ।

সূত্র : (১) দুর্নীতি দমন কার্যালয়ের পত্র নং ০৪.১৯০০.৬২৫.২৬.০১০.১৮-২৩৬৯৯ তারিখ : ৩১/০৭/২০১৮ খ্রি.  
(২) তদন্ত কর্মকর্তার ২০/১২/২০১৮ তারিখের প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলাধীন বাঞ্ছারামপুর ডিগ্রি কলেজে জনাব মো: আব্দুর রহিম গত ০৩/০৮/২০১০ খ্রি. তারিখে অধ্যক্ষ পদে যোগদান করেন। অধ্যক্ষ পদে যোগদানের পূর্বে তিনি ঝিটকা খাজা রহমত আলী কলেজে প্রভাষক পদে কর্মরত ছিলেন। অধ্যক্ষ পদে নিয়োগের সময় ছাড়পত্র এবং মামলার তথ্য গোপন করেছেন মর্মে অভিযোগটি নিষ্পত্তির লক্ষ্যে নিম্নোক্ত তথ্যাদি প্রয়োজন।

- (১) জনাব মো: আব্দুর রহিম কত তারিখ থেকে কত তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন;
- (২) প্রভাষক পদ থেকে ছাড়পত্র প্রদান করা হয়ে থাকলে এ সংক্রান্ত তথ্যাদি;
- (৩) সাময়িক বরখাস্ত সংক্রান্ত তথ্যাদি;
- (৪) সাময়িক বরখাস্তের বিরুদ্ধে দায়েরকৃত মামলার তথ্যাদি এবং সর্বশেষ মামলার অবস্থা;

এমতাবস্থায়, উল্লিখিত তথ্যাদি আগামী ০১/০৮/২০১৯ তারিখের মধ্যে বাহক মারফত এবং ইমেইলে নিম্নস্বাক্ষরকারীর পৌছানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

  
৩০.০৭.১৯

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭।

ই-মেইল : ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

ঝিটকা খাজা রহমত আলী কলেজ  
হরিরামপুর, মানিকগঞ্জ।

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- ০২। সভাপতি, গভর্নিং বডি, ঝিটকা খাজা রহমত আলী কলেজ, হরিরামপুর, মানিকগঞ্জ;
- ০৩। সংরক্ষণ নথি।